বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
বোর্ড সচিবালয়
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪.৮০

তারিখ: ১৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: পরিবেশ দূষণ নিয়ন্ত্রণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে সিঙ্গেল ইউজ প্লাষ্টিক (SUP) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রীর ব্যবহার।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫; তারিখঃ ০৫ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ।
(২) পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং: ৪২.০০.০০০০.০৩২.৯৯.০৭৭.১৯.১১৩৯; তারিখঃ ০২ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ।

সিঙ্গেল ইউজ প্লাষ্টিক (SUP) এর ব্যবহার বন্ধ এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে সূত্রোস্থ স্মারকের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতোপূর্বে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছিলঃ

ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;
ঙ) দাওয়াতপত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;
চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;
ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;
জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেন্সিল/কাগজের কলম ব্যবহার করা;
ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা এবং
ঞ) ফুলের তোড়াতে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

২। সূত্রোস্থ স্মারক-২ এর মাধ্যমে পানি সম্পদ মন্ত্রণালয় হতে মন্ত্রিপরিষদ বিভাগের উপর্যুক্ত নির্দেশনাসমূহ অনুসরণে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া, ইতোপূর্বে জারীকৃত উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের অগ্রগতি পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ও নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং উক্ত নির্দেশনাসমূহ প্রতিপালনে এ পর্যন্ত যে সমস্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা উল্লেখপূর্বক প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক/সমমানের কর্মকর্তাগণ তার অধীন দপ্তরসমূহ কর্তৃক উক্ত নির্দেশনা প্রতিপালনের তথ্য উল্লেখ করে একটি অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) দিনের মধ্যে পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয় বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৪। এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৯-১২-২০২৪
ওবায়দুল ইসলাম
পরিচালক (বোর্ড)


প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী ....................(সকল)।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪.৮০/১ (৩)

তারিখ: ১৪ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।



২৯-১২-২০২৪
অনীক এহ্‌সান
সহকারী পরিচালক (প্রশাসন)